

দৈনিক ইক্সপ্রেস

তারিখ
পৃষ্ঠা ৩ কলাম

11/2002

সাধারণ ছাত্র-ছাত্রীদের ব্যানারে পরিকল্পিত মিছিল নিয়ম ভঙ্গ করে এবার রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে অস্থিতিশীল করার ষড়যন্ত্র

রাঃ বিঃ রিপোর্টার : রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গতকাল রাম ও ধামপন্থী ছাত্র সংগঠনগুলো প্রচলিত নিয়ম ভঙ্গ করে মিছিল করে। তারা ক্যাম্পাসকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের অংশ হিসেবে নিয়মনীতির তোয়াক্কা না করেই এই মিছিল করেছে।

বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী ক্যাম্পাসে কোন রকম মিছিল, সমাবেশ ও মহিলায় করার আগে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিতে হয়। তারা এই পূর্বানুমতি ছাড়াই গতকাল পরিকল্পিতভাবে সব ধরনের

প্রকৃতি নিয়ে মিছিল করে সাধারণ ছাত্র-ছাত্রীদের ব্যানারে। বিশ্ববিদ্যালয় প্রশাসন কোন রকম বাধা দিলে কি উপায়ে তারা তা প্রতিহত করবে এমন প্রস্তুতিও তাদের ছিল বলে সংশ্লিষ্ট একটি সূত্র জানিয়েছে। জানা গেছে, ক্যাম্পাসকে পরিকল্পিত উপায়ে অস্থিতিশীল করে হোলা পানিতে মাছ শিকার করতে চিহ্নিত রাজনৈতিক মহল অব্যাহত অপচেষ্টা চালাচ্ছে। এ ধক্কেই এরা একের পর এক নিয়ম ভঙ্গ করে চলেছে। কর্তৃপক্ষ অত্যন্ত ধৈর্যের সাথে

৭-এর পৃঃ ৩-এর ক. মেঘ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

৮-এর পৃষ্ঠার পর তাদের এই অপতৎপরতা সামান্য দিচ্ছে। তবে বিভিন্ন মহল থেকে বলা হচ্ছে, একেই প্রশাসনকে আরো সজাগ ও কঠোর হতে হবে। তবে কুচক্রী মহলের পাতা ফাঁদে পা দেয়া যাবে না।